পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে বিগত ২০-২৮ মার্চ ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ISSAS মিশন

প্রকাশন তারিখ : *2022-04-24*

বিগত ২০-২৮ মার্চ ২০২২ খ্রি. তারিখে "রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পারমাণবিক নিরাপত্তা তদারকিকরণের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিউক্লিয়ার রেগুলেটরী ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নেতৃত্বে আন্তর্জাতিক পরমানু শক্তি সংস্থার পাঁচ (৫) সদস্যের একটি বিশেষজ্ঞ দল বাংলাদেশে সেফগার্ডস বাস্তবায়ন এবং পারমাণবিক পদার্থের নিয়ন্ত্রণ ও অ্যাকাউন্টিং সিস্টেমের উপরে ISSAS মিশন সম্পন্ন করে। উল্লেখ্য যে, ISSAS মিশন হচ্ছে সদস্য রাষ্ট্রের অনুরোধে আন্তর্জাতিক পরমানু শক্তি সংস্থা কর্তৃক প্রযুক্তিগত এবং আইন বিশেষজ্ঞদের মাধ্যমে পরিচালিত একটি রাষ্ট্রের সেফগার্ডস বাস্তবায়ন এবং পারমাণবিক পদার্থের নিয়ন্ত্রণ ও অ্যাকাউন্টিং সিস্টেমের উপর একটি ব্যাপক পর্যালোচনা প্রক্রিয়া।

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে বিগত ২০-২৮ মার্চ ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ISSAS মিশনের প্রতিনিধি দলের সাথে বিভিন্ন সংস্থার অংশগ্রহণকারী কর্মকর্তাগণ

২০ মার্চ ২০২২ খ্রি. তারিখে ISSAS মিশনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব জিয়াউল হাসান (এনডিসি), সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং ২৮ মার্চ ২০২২ খ্রি. তারিখে উক্ত

মিশনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন স্থপতি ইয়াফেস ওসমান, মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। উভয় সভায় সভাপতিত্ব করেন, প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক, চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ। বাংলাদেশের পক্ষে মিশনের কার্যক্রম পরিচালনা করেন ডঃ সত্যজিৎ ঘোষ, প্রকল্প পরিচালক, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ। ISSAS মিশন সফলভাবে সম্পন্ন হবার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন ডঃ মোঃ শৌকত আকবর, প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন প্রকল্প। উক্ত মিশনে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সংশ্লিষ্ট কর্মকর্তাসহ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং বাংলাদেশে পারমাণবিক পদার্থ ব্যবহারকারী প্রতিষ্ঠানসমুহ (বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকাল্প, বিভিন্ন মেডিকেল ও ইন্ডাস্ট্রিয়াল ফ্যাসিলিটি)-এর মোট ৩০ থেকে ৩৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

মিশনের কার্যক্রমের অংশ হিসাবে ISSAS মিশনের দলটি ২৩ মার্চ ২০২২ খ্রি. তারিখে সাভারস্থ সেন্টার ফর রিসার্চ রিঅ্যাক্টর, এইআরই এবং ২৪ মার্চ ২০২২ খ্রি তারিখে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র অফিস, রূপপুর এনপিপি ভবন, ৪,কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা পরিদর্শন করেন এবং প্রতিষ্ঠানদ্বয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রধান অতিথি, জনাব জিয়াউল হাসান (এনডিসি), সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশের পক্ষে মিশনের কার্যক্রম উপস্থাপন করেন ড. সত্যজিৎ ঘোষ, প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পারমাণবিক নিরাপত্তা তদারকিকরণের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিউক্লিয়ার রেগুলেটরী ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন প্রকল্প

উদ্বোধনী অনুষ্ঠানে মোঃ শৌকত আকবর, প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন প্রকল্প,-এর বক্তব্য

উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণকারী

সমাপনী অনুষ্ঠান মূল্যবান বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রধান অতিথি, স্থপতি ইয়াফেস ওসমান, মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি, প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক, চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

সমাপনী অনুষ্ঠানে বাংলাদেশের পক্ষে সমাপ্ত মিশনের সারাংশ উপস্থাপন করেন ড. সত্যজিৎ ঘোষ, প্রকল্প পরিচালক, “রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পারমাণবিক নিরাপত্তা তদারকিকরণের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিউক্লিয়ার রেগুলেটরী ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন প্রকল্প

ISSAS মিশনের দলনেতা, Fabian Rorif-এর বক্তব্য

ISSAS মিশন দলকে নিয়ে স্থপতি ইয়াফেস ওসমান, মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বঙ্গবন্ধু কর্নার পরিদর্শন করেন